ইত্তেফাক

১৩।৭।৮১

408

055

# রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষায় পাসের হার ৫৫'৭৩

রাজশাহী, ১২ই জুলাই (বাসস)—আজ বিকালে রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৮১ সালের এসএসসি পরীক্ষার ফলাফল ঘোষণা করা হইয়াছে। পাসের হার ৫৫ দশমিক ৭৩।

রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র হাসেম আহমদ (রোল-১৯১) ৬টি বিষয়ে লেটার নম্বরসহ ৮৪৪ নম্বর পাইয়া সম্মিলিত মেধা তালিকায় শীর্ষস্থান দখল করিয়াছে। দ্বিতীয় স্থান অধিকারী রংপুর জেলা স্কুলের ছাত্র ইকবাল বাহার (রোল-৫২৫) ৬টি বিষয়ে লেটার মার্কসহ ৮৩৮ নম্বর পাইয়াছে। তৃতীয় স্থান অধিকার করিয়াছে এই স্কুলের ছাত্র আনিসুল হক (রোল-৫২৬)। সেও ৬টি বিষয়ে লেটার নম্বরসহ ৮৩৬ নম্বর পাইয়াছে।

রাজশাহী সরকারী পিএন

(৮ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পাশের হার ৫৫'৭৩

(১ম পৃঃ পর)

বালিকা বিদ্যালয়ের ছাত্রী মিস ফারহানা হক (রোল-১২৪৭) ৬টি বিষয়ে লেটার নম্বরসহ ৮৩৪ নম্বর পাইয়া মেয়েদের মধ্যে শীর্ষস্থান এবং সম্মিলিত মেধা তালিকায় ৪র্থ স্থান অধিকার করিয়াছে। উল্লেখ্য, গত মার্চ-এপ্রিল মাসে অনুষ্ঠিত এই পরীক্ষায় অংশগ্রহণকারী ৫১ হাজার ৮ শত ৫ জন পরীক্ষার্থীর মধ্যে ২৮ হাজার ৮ শত ৭০ জন পাস করিয়াছে। ২ হাজার ৮ শত ৭ জন প্রথম বিভাগ, ১৪ হাজার ৩ শত ৪১ জন দ্বিতীয় বিভাগ এবং ১১ হাজার ৭ শত ২২ জন তৃতীয় বিভাগ পাইয়াছে।